রক্তের গ্রুপ ‘এবি’ ও ‘বি’ হলে করোনা হওয়ার ঝুঁকি বেশি

চেম্বার ডেস্ক:: বিশ্বে করোনা সংক্রমণ ও মৃত্যু হার বাড়ছে। সংক্রমণ এড়াতে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর গুরুত্ব দিচ্ছেন সংশ্লিষ্টরা। তবে গবেষণা বলছে, রক্তের গ্রুপ ‘এবি’ও ‘বি’হলে করোনায় আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশি। আর যাদের রক্তের গ্রুপ ‘ও’তাদের এ ভাইরাসে আক্রান্ত হওয়ার সম্ভাবনা সবেচেয়ে কম।

মঙ্গলবার (১১ মে) ভারতের আনন্দবাজার পত্রিকার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

ওই প্রতিবেদনে বলা হয়েছে, দি কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ (সিএসআইআর) ১০ হাজারের বেশি মানুষের নমুনা সংগ্রহ করে। আর তা নিয়ে গবেষণা চালিয়েছেন ১৪০ জন চিকিৎসক।

গবেষণায় দেখা গেছে, আক্রান্তদের বেশিরভাগেরই রক্তের গ্রুপ ‘এবি’। এরপর রয়েছেন ‘বি’ রক্তের গ্রুপের মানুষ। ‘ও’ রক্তের মানুষের আক্রান্তের সংখ্যা সবচেয়ে কম।

গবেষণায় আরও বলা হয়েছে, যারা নিরামিষ খান তাদের এ ভাইরাসে আক্রান্ত হওয়ার সম্ভাবনা কম। কারণ নিরামিষ খাবারের মধ্যে যে পুষ্টি গুণ থাকে, তা শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতাকে অনেক বাড়িয়ে দেয়। এমনকি একবার আক্রান্ত হলে কোভিড মুক্ত হওয়ার পরে সুস্থ হয়ে ওঠার ক্ষেত্রেও নিরামিষ খাবারের ওপরেই জোর দিয়েছেন তারা।